Sanatan Dharma

প্রাগৈতিহাসিক যুগ থেকেই ভারতে শক্তিপূজা প্রচলিত

২৩,০০০ বছরেরও আগে ভারতের প্যালিওলিথিক জনবসতিতে প্রথম দেবীপূজার প্রমাণ পাওয়া যায়। পরবর্তীকালে সিন্ধু সভ্যতার যুগে এই সংস্কৃতি আরও উন্নত রূপে দেখা দেয়। বৈদিক যুগে শক্তিবাদ পূর্বমর্যাদা হারালেও পুনরায় দ্রুপদী সংস্কৃত যুগে তার পুনরুজ্জীবন ও বিস্তার ঘটে। তাই মনে করা হয়, অনেক ক্ষেত্রেই "হিন্দু ঐতিহ্যের ইতিহাস নারী পুনর্জাগরণের ইতিহাস রূপে লক্ষিত হয়"।

বৈদিক যুগেও শক্তিপূজা প্রচলিত ছিল । বেদের গায়ত্রী বা বেদ মাতাই হলেন দেবী উপনিষদ , দেবীভগবত শাক্ত মতের ব্রহ্মান্ডের মহাজাগতিক শক্তি কেন্দ্র বিন্দু মা আদি পরাশক্তি।

ঋকবেদের দেবীসূক্ত এবং রাত্রিসুক্ত ও হিরণ্যগর্ভ সুক্ত প্রমাণিত হয় এটি। তার সাথে যদুর্বেদ ও অথূর্ব বেদ তেও অনেক ব্যাখ্যা মেলে।। ঋকবেদে বিশ্বদুর্গা,সিন্ধু দুর্গা, অগ্নি দুর্গা এবং অন্যান্য দেবীর উল্লেখে আছে। সংখ্যায়ন গৃহ্যসূত্রে "ভদ্রকালী" নামটি আছে।

পরবর্তী সময়ে বেদের অন্ত হিসেবে নানান উপনিষদ এও দেবী কে পরমব্রহ্মস্বরূপীর মর্যাদা দেওয়া হয়েছে; যেমন দেবী উপনিষদ ,ত্রিপুরা উপনিষদ ,কর্ন উপনিষদ ,মহাবিদ্যা উপনিষদ, বাহ্রচি উপনিষদ , ত্রিপুরতাপনি উপনিষদ, ভাবনা উপনিষদ ,সরস্বতী-রহস্য উপনিষদ ,সৌভাগ্যলক্ষ্মী উপনিষদ, গুহকালী উপনিষদ, মুন্ডক উপনিষদ ইত্যাদি। শাক্তবাদে মোট ১০৮টি উপনিষদ ; উপরের গুলি হলো মূল।।

অন্যদিকে মার্কন্ডেয় পুরানের অংশ হিসেবে দুর্গা সপ্তসতি (শ্রী শ্রী চন্ডী) , ব্রহ্মাণ্ডপুরাণ এর ললিতা সহস্রনাম , শ্রীমাদ দেবী ভাগবত মহাপুরান, শিব পুরান , কূর্ম পুরানে দেবীর বিস্তারিত বর্নন দেখা যায় ।।

যা দেবি সর্বভূতেষু মাতৃ রূপেন সংস্থিতা।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমঃ নমঃ হা:।।

Published on: Nov, 17 2023 11:36